



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd

স্মারক নম্বর- চশিবো/বিদ্যা:/কক্স:(চকঃ)/২৮/৯৬/অংশ-১/ ৪২১৪(৪)

তারিখঃ ১৮/৯/২০২৩খ্রি.

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
চট্টগ্রাম।

প্রাপক : প্রধান শিক্ষক,  
কৈয়ারবিল উচ্চ বিদ্যালয়  
ডাক: কৈয়ারবিল, উপজেলা :চকরিয়া, জেলা: কক্সবাজার।

বিষয় : স্বীকৃতি নবায়ন।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, উপর্যুক্ত ঠিকানাধীন কৈয়ারবিল উচ্চ বিদ্যালয়-কে নিম্নোক্ত শর্তে ০১/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩(তিন) বৎসরের জন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে স্বীকৃতি নবায়ন করা হলো। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

### অবশ্যই পালনীয় শর্ত :

- ১। বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না।
- ২। বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।
- ৩। বিদ্যালয়ের দখলে থাকা নাম-জারিবিহীন জমি বিদ্যালয়ের নামে নাম-জারি করতে হবে।
- ৪। স্বতন্ত্র লাইব্রেরিসহ বইয়ের সংখ্যা ২০০০(দুইহাজার)-এ উন্নীত করতে হবে।
- ৫। পর্যাপ্ত কম্পিউটারসহ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে।
- ৬। প্রয়োজনীয় বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়সহ বিজ্ঞানারকে আরো সমৃদ্ধ করতে হবে।
- ৭। বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণারের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক বই ক্রয়সহ আরো সুসজ্জিত করতে হবে।
- ৮। প্রধান শিক্ষকের কক্ষ সুসজ্জিত করণসহ অবকাঠামো উন্নয়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

(ড. বিপ্লব গাজুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

চট্টগ্রাম।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি।

- ১। জেলা শিক্ষা অফিসার, কক্সবাজার জেলা।
- ২। অফিস নথি।

১৮/৯/২৩